অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/24/2020 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো করোনাভাইরাস সংক্রান্ত গুরুতর নিয়ম লঙ্ঘনের অভিযোগে নিউ ইয়র্ক সিটির 1টি অতিরিক্ত বারের মদের লাইসেন্স স্থগিত করার কথা ঘোষণা করেছেন

গণস্বাস্থ্য জরুরি অবস্থার সময় 162টি ব্যবসার মদের লাইসেন্স স্থগিত করা হয়েছে

মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স এই সপ্তাহান্তে প্রায় 4,000 কমপ্লায়েন্স চেক পরিচালনা করেছে, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডে 34 অতিরিক্ত লঙ্ঘন পর্যবেক্ষণ করছে

এই পর্যন্ত 886টি অভিযোগ দাখিল করা হয়েছে এবং তারিখ পর্যন্ত প্রক্রিয়াকরণ করা হয়েছে; সাসপেনশন এবং অভিযোগের হালনাগাদকৃত তালিকা এখানে পাওয়া যাবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে মহামারী সম্পর্কিত নির্বাহী আদেশ লঙ্ঘনের অভিযোগে স্টেট নিউ ইয়র্ক স্টেটের 14টি অতিরিক্ত বারের জন্য মদের লাইসেন্স স্থগিত করেছে, করোনাভাইরাস মহামারীর সময় মোট 162টি মদের লাইসেন্স স্থগিত করা হয়েছে। এই সপ্তাহান্তে স্টেট পুলিশ (State Police) এবং স্টেট লিকার অথরিটি (State Liquor Authority, SLA) নেতৃত্বে স্টেটের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স 34টি প্রতিষ্ঠানে লঙ্ঘন নথিভুক্ত করে 3,964টি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে। COVID-19 বিধি লঙ্ঘন করা ব্যবসাগুলিকে প্রতি লঙ্ঘনের জন্য 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা দিতে হতে পারে, অন্যদিকে অত্যন্ত গুরুতর লঙ্ঘনের ফলে অবিলম্বে একটি বার বা রেস্টুরেন্টের লিকার লাইসেন্স স্থগিত করা হতে পারে।

"গত পাঁচ মাসে নিউ ইয়র্কবাসীরা বক্ররেখা চ্যাপ্টা করার জন্য মহান ত্যাগ স্বীকার করেছে, এবং আজকের রেকর্ড-কম সংক্রমণের হার দেখাচ্ছে যে যখন আমরা বিজ্ঞানের কথা শুনি এবং এই ভাইরাসকে গুরুত্বের সাথে গ্রহণ করি, তখন আমরা পার্থক্য গড়ে দিতে পারি। কিন্তু অনেক বার এবং রেস্টুরেন্ট এখনো এই বিস্তার বন্ধ করার জন্য নিয়ম লঙ্ঘন করছে এবং স্থানীয় সরকারকে এগিয়ে আসতে হবে- তাই আমরা নিয়ম ভঙ্গকারীদের জবাবদিহি করার জন্য স্টেট পুলিশ এবং লিকার অথরিটির সাথে বল প্রয়োগ জোরদার করেছি," **গভর্নর কুওমো বলেছেন।** "এখন আমাদের লক্ষ্য হারানোর সময় নয়, এবং যদি মেনে চলা কমে যায়, তাহলে গত পাঁচ মাসে আমরা যে সব অগ্রগতি করেছি তা খর্ব করা হতে পারে। এই প্রতিষ্ঠানগুলো তাদের কর্মী, তাদের পৃষ্ঠপোষক এবং সকল নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যকে ঝুঁকির মুখে ফেলে দিয়েছে- এবং তাদের কাজ একেবারেই গ্রহণযোগ্য নয়।"

স্টেট লিকার অথরিটির চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন: "আমরা টাস্ক ফোর্স যে কঠোর পরিশ্রম এবং সময় ব্যয় করছে তার সরাসরি ফলাফল হিসেবে মেনে চলা বৃদ্ধি দেখছি, কিন্তু সেখানে এখনো নিয়ম ভঙ্গকারী আছে যাদের জবাবদিহি করতে হবে। যেহেতু আমরা গ্রীষ্মের শেষ কয়েক সপ্তাহের ছুটির দিকে এগিয়ে যাচ্ছি, লাইসেন্সধারীদেরকে সজাগ থাকতে হবে এবং নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য এবং নিরাপত্তাকে তাদের অগ্রাধিকারের তালিকার শীর্ষে রাখতে হবে।"

স্টেট লিকার অথরিটি বোর্ড (State Liquor Authority Board) যে 14টি প্রতিষ্ঠানকে তাৎক্ষণিক স্থগিতাদেশের জরুরি আদেশ জারি করে সেগুলি নিউ ইয়র্ক সিটি, ক্যাপিটাল রিজিয়ন এবং লং আইল্যান্ডে অবস্থিত।

নিউ ইয়র্ক সিটিতে, ভৌগলিক অবস্থানগুলি হচ্ছে:

- ব্রুকলিন - 7
- ম্যানহাটন - 1
- কুইন্স - 3

নিউ ইয়র্ক সিটির বাইরে ভৌগলিক অবস্থানগুলি হচ্ছে:

- অ্যালবেনি - 1
- স্কেনেকটেডি - 1
- সাফোক - 1

19, 21, 22 ও 23 আগস্ট পূর্ণ বোর্ডের একটি বিশেষ সভায় চেয়ারম্যান ব্র্যাডলি, কমিশনার লিলি ফ্যান এবং কমিশনার গ্রিলি ফোর্ড জরুরি স্থগিতাদেশগুলি জারি করেন যা সামাজিক দূরত্বের নির্দেশিকার অধীনে ডিজিটালভাবে রেকর্ড করা ভিডিওর মাধ্যমে সংঘটিত হয়। যখন SLA একটি লাইসেন্সপ্রাপ্ত ব্যবসার অব্যাহত অপারেশন জনস্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ বলে নির্ধারণ করে তখন জরুরী তাৎক্ষণিক স্থগিতাদেশ জারি করা হয়। স্থগিতাদেশ অবিলম্বে প্রদান করা হয় এবং অনির্দিষ্টকালের জন্য কার্যকর থাকে, যার মধ্যে সর্বোচ্চ জরিমানার অন্তর্ভুক্ত স্থায়ী লাইসেন্স বাতিলকরণ এবং 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা। জরুরি স্থগিতাদেশ প্রাপ্ত লাইসেন্সধারীরা SLA প্রশাসনিক আইনের বিচারকের কাছে একটি দ্রুত শুনানির অধিকার রাখেন।

যে 14টি বারের প্রতি স্থগিতাদেশ জারি করা হয়েছে সেগুলো নিচে তালিকাভুক্ত করা হল, সেই সাথে তাদের লঙ্ঘন এবং তাদের স্থগিতাদেশের তারিখ সম্পর্কে তথ্য সহ।

23 আগস্ট, 2020 তারিখে সাউদাম্পটনের 75 মেইন স্ট্রিটে "75 মেইন গ্রুপ"
22 শে আগস্ট, SLA -এর তদন্তকারী এবং সাফোক কাউন্টি পুলিশ ডিপার্টমেন্ট, সাউদাম্পটন ভিলেজ পুলিশ ডিপার্টমেন্ট এবং সাফোক কাউন্টি শেরিফের অফিসের কর্মকর্তারা যৌথভাবে এই

প্রতিষ্ঠানটি পরিদর্শন করেন। সন্ধ্যা 6টার দিকে তদন্তকারীরা দেখতে পান যে পৃষ্ঠপোষকদের একটি লাইন এই চত্বরে ঢোকার জন্য অপেক্ষা করছে, সামাজিক দূরত্ব উপেক্ষা করে, যাদের বেশীরভাগই মুখাবরণ ছিল না। তদন্তকারীরা এছাড়াও দুজন বারটেন্ডার এবং তিনজন সার্ভারকে মুখাবরণ ছাড়া পর্যবেক্ষণ করেছেন। প্রায় এক ঘন্টা পরে, তদন্তকারীরা ফিরে এসে দেখেন যে একাধিক কর্মচারী এবং পৃষ্ঠপোষক মুখাবরণ ছাড়াই বারের চারপাশে দাঁড়িয়ে আছেন এবং মদ্যপান করছেন, আশেপাশের টেবিল থেকে বেশ কয়েকজন পৃষ্ঠপোষক বারে ঘুরে বেড়াচ্ছেন এবং শট পান করছেন -- গভর্নরের ওয়াক-আপ বার সার্ভিস নিষিদ্ধ করার নির্বাহী আদেশ লঙ্ঘন করে। তারা সামাজিক দূরত্ব ছাড়া বিশ্রামাগারে লম্বা লাইন পর্যবেক্ষণ করেছেন এবং বেশ কয়েকজন পৃষ্ঠপোষক মুখাবরণ পরা ছিলেন না। পরিদর্শনের সময় অন্তত 27 জন কর্মচারী কাজ করছিলেন, যাদের কাউকেই লাইন নিয়ন্ত্রণ বা বারে কাছে দাঁড়িয়ে পৃষ্ঠপোষকদের মদ খাওয়া নিশেধ করতে দেখা যায়নি। রাত 11টার দিকে যৌথ পরিদর্শক দল ভবনে প্রবেশ করে, তদের দেখতে পেয়ে দুজন কর্মচারী রান্নাঘরে ছুটে গিয়ে কর্মীদের সতর্ক করে। প্রবেশের পর তদন্তকারীরা 25টি অতিরিক্ত লঙ্ঘন চিহ্নিত করেন- যার মধ্যে রয়েছে গুরুতর স্বাস্থ্য ঝুঁকি - এবং চারটি ফৌজদারি আদালতের সমন জারি করা হয়েছে। উপরন্তু, সন্ধ্যায়, একজন 18 বছর বয়সী অপ্রাপ্তবয়স্ক এজেন্ট পরিচয় চাওয়া ছাড়াই দুটি পৃথক ঘটনায় মদ কিনতে সক্ষম হন। এই ব্যবসাটি পুনরাবৃত্তি করা অপরাধী, যেখানে ভিলেজ অফ সাউদাম্পটন পুলিশ 13 জুন তারিখে 75 জন পৃষ্ঠপোষককে ভিতরে খেতে দেখেন যা লং আইল্যান্ডে ইনডোর ডাইনিং এর অনুমতি দেয়ার আগে ঘটে, এবং রাষ্ট্রীয় টাস্কফোর্সের তদন্তকারীরা 28 জুলাই তারিখে মুখাবরণ ছাড়া তিনজন কর্মচারীকে পর্যবেক্ষণ করছে। আগের দুটি ঘটনার অভিযোগ SLA-এর কাছে মুলতবি আছে।

22 আগস্ট, 2020 তারিখে স্কেনেকটেডিতে 1051 কারি রোডে "মার্কস গ্রিল"

21শে আগস্ট তারিখে SLA-এর তদন্তকারীরা গভর্নরের নির্বাহী আদেশের সরাসরি লঙ্ঘন করে একটি বার-ওনলি সার্ভিস পরিচালনা করতে দেখেছেন। তদন্তকারীরা সেখানে প্রবেশ করেন, তারা লক্ষ্য করেন যে চৌদ্দটি বারের স্টুল দখল করা হয়েছে, পৃষ্ঠপোষকদের মধ্যে কোন জায়গা নেই, এবং তিনজন অতিরিক্ত পৃষ্ঠপোষক বারের কাছে দাঁড়িয়ে মদ্য পান করছে, সবাই মুখাবরণ ছাড়া। তদন্তকারীরা অর্ডার করেন এবং চিবুকের চারপাশে মুখাবরণ পরা একজন বারটেন্ডার তাদের খাবার ছাড়া অ্যালকোহলিক পানীয় পরিবেশন করে। অতিরিক্ত পৃষ্ঠপোষকরা উঁচু টেবিলে দাঁড়িয়ে মদ্যপান করছিল এবং বেশ কয়েকজন পৃষ্ঠপোষক মুখের আবরণ ছাড়াই এই চত্বরে ঘুরে বেড়াচ্ছিল।

22 আগস্ট, 2020 তারিখে অ্যালবেনির 605 নিউ স্কটল্যান্ড অ্যাভিনিউতে "অ্যান্ডিস প্লেস"

21শে আগস্ট তারিখে, SLA-এর তদন্তকারীরা প্রতিষ্ঠানটিতে প্রবেশ করে গভর্নরের নির্বাহী আদেশের সরাসরি লঙ্ঘন করে একটি বার-ওনলি সার্ভিস পরিচালনা করতে দেখেছেন। একজন বারটেন্ডারকে মুখাবরণ ছাড়া দেখা গেছে এবং চারজন পৃষ্ঠপোষক - এছাড়াও স্মুখাবরন ছাড়া - বারে দাঁড়িয়ে মদ খাচ্ছিল। তদন্তকারীরা অর্ডার দেন এবং তাদের খাবার ছাড়া অ্যালকোহলিক পানীয় পরিবেশন করা হয়, তারা বেশ কয়েকজন পৃষ্ঠপোষককে মুখাবরণ ছাড়াই প্রতিষ্ঠানে ঢুকতে এবং বের হয়ে যেতে দেখেন। তদন্তকারীরা চলে যাওয়ার সময় সাতজন পৃষ্ঠপোষক দাঁড়িয়ে ছিল এবং মুখাবরণ ছাড়াই বারের চারপাশে জড়ো হচ্ছিল, তারা মদ্যপান করছিল।

23 আগস্ট, 2020 তারিখে কুইন্সের 40-01 নর্দার্ন বুলাভার্ডে "এসকুইনা টেকিলা"
20 শে আগস্ট তারিখে রাষ্ট্রের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্স এবং নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (NYPD) কর্মকর্তাদের তদন্তকারীরা অন্তত দশজন ব্যক্তিকে মদ্যপান, জমায়েত এবং সরাসরি ভবনের সামনে সামাজিক দূরত্বের নিয়মকানুন উপেক্ষা করতে দেখেছেন। টাস্ক ফোর্স আসার পরই একজন কর্মচারী বাইরের পৃষ্ঠপোষকদের কাছ থেকে পানীয় বাজেয়াপ্ত করার চেষ্টা করে।

23 আগস্ট, 2020 তারিখে ব্রুকলিনের 199 নিকারবোকার অ্যাভিনিউতে "ম্যালি'স ডেলি অ্যান্ড গ্রোসারিজ"
21 শে আগস্ট তারিখে রাষ্ট্রের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্স এবং NYPD কর্মকর্তাদের সাথে থাকা তদন্তকারীরা অসংখ্য পৃষ্ঠপোষককে দাঁড়িয়ে থাকতে দেখেন এবং ভবনের বাইরে বসে খাবার ছাড়া মদ্যপান থাকতে দেখেন। উপরন্তু, তিনজন পৃষ্ঠপোষককে ভিতরে মদ্যপান করতে দেখা যায় এবং তিনজন কর্মচারীকে মুখাবরণ ছাড়াই পর্যবেক্ষণ করা হয়। তদন্তকারীরা আরও আবিষ্কার করেন যে নিউ ইয়র্ক স্টেটে বিক্রির জন্য নিবন্ধিত নয় এমন টেকিলার ব্র্যান্ডগুলো ওই চত্বরে বিক্রি করা হচ্ছে।

23 আগস্ট, 2020 তারিখে ব্রুকলিনের 1549 গেটস অ্যাভিনিউতে "লা ফোগাটা রেস্টুরেন্ট এন্ড ক্যাফে"
22 শে আগস্ট, রাষ্ট্রের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা একজন পৃষ্ঠপোষককে খাবার ছাড়া বাইরে বসে মদ্যপান করতে দেখেন। ভেতরে তদন্তকারীরা দুজন পৃষ্ঠপোষককে মদ্যপান এবং পুল খেলতে দেখেন- যা 16 মার্চ, 2020 সাল থেকে নিউ ইয়র্ক সিটিতে নিষিদ্ধ- এবং মুখাবরণ ছাড়া একজন বারটেন্ডার দেখেন।

23 আগস্ট, 2020 তারিখে ব্রুকলিনের 1485 মার্টল অ্যাভিনিউতে "NY পিৎজা ক্যাফে অ্যান্ড স্প্যানিশ ফুড রেস্টুরেন্ট"
22 শে আগস্ট তারিখে রাষ্ট্রের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা রেস্টুরেন্টের ভেতরে তিনজন পৃষ্ঠপোষককে খাবার ছাড়া মদ্যপান করতে দেখেন, দুইজন কর্মচারী এবং মালিক মুখাবরণ ছাড়া ছিল এবং খাবার ছাড়াই মদ্য পানীয় বিক্রি করা হয়। যখন তাকে প্রশ্ন করা হয়, ম্যানেজার স্বীকার করেন যে ভবনটিতে কোন খাবার পরিবেশন করা হচ্ছে না- গভর্নরের নির্বাহী আদেশের সরাসরি লঙ্ঘন।

23 আগস্ট, 2020 তারিখে ব্রুকলিনের 1544 মার্টল অ্যাভিনিউতে "এল সালভাদর রেস্টুরেন্ট ডি মেরিনা"
22 শে আগস্ট তারিখে রাষ্ট্রের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা রেস্টুরেন্টের ভেতরে দশজন পৃষ্ঠপোষককে মুখাবরণ ছাড়া, খাবার ছাড়া মদ্যপান করতে দেখেন এবং আরও ছয়জন পৃষ্ঠপোষক ভবনের ঠিক বাইরে মদ্যপান করেন- সবগুলোই গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘন করে। এছাড়াও তদন্তকারীরা মুখাবরণ ছাড়া ছয়জন কর্মচারীকে নথিভুক্ত করেছেন। যখন ম্যানেজারকে পৃষ্ঠপোষকদের চলে যেতে বলতে বলা হয়, তিনি প্রাথমিকভাবে প্রত্যাখ্যান করেন।

22 আগস্ট, 2020 তারিখে ব্রুকলিনের 354 মেলরোজ স্ট্রিটে "লা পার্লা ডেল উলুয়া রেস্টুরেন্ট"
21শে আগস্ট, রাষ্ট্রের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা অত্যধিক জোরে গান শুনতে পান যখন তারা প্রাঙ্গণের কাছে আসেন, তারা দেখতে পান যে প্রতিষ্ঠানের সামনে একটি অননুমোদিত ডিজে মিউজিক বাজছে এবং অন্তত 37 জন পৃষ্ঠপোষক কাঁধে কাঁধ মিলিয়ে দাঁড়িয়ে আছে, মদ্যপান করছে এবং নাচছে, কার্যকরভাবে একটি অবৈধ আউটডোর নাইটক্লাব তৈরি করছে। তদন্তকারীরা এসে পৌঁছালে, ভবনের একজন ম্যানেজার বাইরে দৌড়ে পৃষ্ঠপোষকদের মাস্ক বিতরণ করতে দেখা যায়। 2020 সালের 16 মার্চ থেকে ইনডোর ডাইনিং এর উপর আরোপিত বিধিনিষেধ লঙ্ঘন করে অন্যদেরকে এই চত্বরের ভেতরে মদ্যপান করতে দেখা গেছে। নিউ ইয়র্ক সিটির রাত 11টায় আউটডোর ডিনারের জন্য কারফিউ জারি করার পর সব লঙ্ঘনের ঘটনা ঘটেছে।

21 আগস্ট, 2020 তারিখে ম্যানহাটনের 274 গ্র্যান্ড স্ট্রিটে "নোরি থাই বাজার"
19 আগস্ট স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা তিনজন পৃষ্ঠপোষককে ভবনের ভেতরে মদ্যপান করতে এবং দুইজন কর্মীকে মুখাবরণ পরা ছাড়া দেখেছেন, উভয়ই গভর্নরের নির্বাহী আদেশের স্পষ্ট লঙ্ঘন।

21 আগস্ট, 2020 তারিখে ব্রুকলিনের 262 কিংস্টন অ্যাভিনিউতে "ইজিস ফ্রাইড চিকেন"
19 শে আগস্ট, রাষ্ট্রের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা একটি ঘেরা এলাকায় পাঁচজন পৃষ্ঠপোষককে খাবার খেতে দেখেছেন যাকে অবৈধভাবে SLA বা NYC নির্মাণ বিভাগের অনুমোদন ছাড়াই একটি অভ্যন্তরীণ স্থানে রূপান্তরিত হয়েছে।

21 আগস্ট, 2020 তারিখে কুইন্সের 49-14 কুইন্স বুলাভার্ডের "প্রিভিলেজড জেন্টেলম্যানস ক্লাব"
20 শে আগস্ট তারিখে, একজন নিরাপত্তা রক্ষী মুখাবরণ ছাড়া রাষ্ট্রের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স এবং NYPD কর্মকর্তাদের সাথে থাকা তদন্তকারীদের আটকানোর চেষ্টা করে। প্রবেশের পর তদন্তকারীরা একটি প্লাস্টিকের টার্প ছাদ এবং চার দেয়াল দিয়ে নির্মিত একটি অস্থায়ী কক্ষের ভেতরে 33 জন পৃষ্ঠপোষককে আবিষ্কার করে, যারা সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করে মদ্যপান করছিল। তদন্তকারীরা দুজন কর্মচারীর মুখাবরণ না পরার কথাও নথিভুক্ত করেছেন।

19 আগস্ট, 2020 তারিখে কুইন্সের 171-16 হিলসাইড অ্যাভিনিউতে "পাম কোর্ট রেস্টুরেন্ট অ্যান্ড লাউঞ্জ"
18 আগস্ট, স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা 2020 সালের 16 মার্চ থেকে ইনডোর ডাইনিংকে সীমাবদ্ধ রেখে গভর্নরের কার্যনির্বাহী আদেশের সুস্পষ্ট লঙ্ঘন করে চারজন পৃষ্ঠপোষককে প্রাঙ্গণের অভ্যন্তরে দেখেন যাদের দুইজন মদ্যপান করছিলেন এবং দুইজন পুল খেলছিলেন। এছাড়াও তদন্তকারীরা মুখাবরণ ছাড়া দুইজন কর্মচারীকে নথিভুক্ত করেছেন।

19 আগস্ট, 2020 তারিখে ব্রুকলিনের 137 স্কেনেকটেডি অ্যাভিনিউতে "নিউ হাইটস অফ NY"
15 আগস্ট তারিখে স্টেটের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের সাথে থাকা তদন্তকারীরা দুইজন পৃষ্ঠপোষককে সরাসরি আঙিনার সামনে মাস্ক ছাড়াই মদ পান করতে এবং দাঁড়িয়ে থাকতে দেখেন।

তদন্তকারীরা 16 মার্চ, 2020 তারিখের গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘন করে চারজন অতিরিক্ত পৃষ্ঠপোষককে এই ভবনের ভেতরে মদ্যপানরত অবস্থায় নথিভুক্ত করেছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন